

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৮৭

৮/ সাওম (রোজা) (্রাজা) (১ইটা নাড্রান্ত এটা নাড্রান্ত প্র

পরিচ্ছেদঃ কেউ যদি কোন কাওমের মেহমান হয় তবে যেন সে তাদের অনুমতি ব্যতিরেকে (নফল) সাওম পালন না করে।

باب مَا جَاءَ فِيمَنْ نَزَلَ بِقَوْمٍ فَلاَ يَصنُومُ إِلاَّ بِإِذْنِهِمْ

আরবী

حَدَّتَنَا بِشِّرُ بْنُ مُعَاذِ الْعَقَدِيُّ الْبَصْرِيُّ، حَدَّتَنَا أَيُّوبُ بْنُ وَاقِدِ الْكُوفِيُّ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ نَزَلَ عَلَى عَرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ مُنْكَرٌ لاَ نَعْرِفُ أَحَدًا قَوْمٍ فَلاَ يَصُومَنَّ تَطَوُّعًا إِلاَّ بإِنْهِمْ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ مُنْكَرٌ لاَ نَعْرِفُ أَحِدًا مِنَ التِّقَاتِ رَوَى مُوسَى بْنُ دَاوُدَ عَنْ أَبِي مِنَ التِّقَاتِ رَوَى هَذَا الْحَديثَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بكْرٍ الْمَدينِيِّ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوًا مِنْ هَذَا . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَديثٌ ضَعِيفٌ أَيْضًا . وَأَبُو بَكْرٍ ضَعِيفٌ عِنْدَ أَهْلِ الْحَديثَ وَأَبُو بَكْرٍ الْمَدَنِيُّ الَّذِي رَوَى عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ اسْمُهُ الْفَضْلُ بْنُ مُبَشِّرٍ وَهُوَ أَوْتَقُ مِنْ هَذَا وَأَقُودَمُ .

বাংলা

৭৮৭. বিশর ইবনু মুআয আকদী বাসরী (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি কোন কাওমের মেহমান হয়, তবে সে যেন তাদের অনুমতি ব্যতিরেকে (নফল) সিয়াম পালন না করে। - ইবনু মাজাহ ১৭৬৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৮৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি মুনকার। হিশাম ইবনু উরওয়া (রহঃ) থেকে এই হাদীসটি রিওয়ায়াত কোন নির্ভরযোগ্য রাবী বলেছেন বলে আমরা জানিনা। মূসা ইবনু দাউদ আবৃ বকর মাদানী হিশাম ইবনু উরওয়া তৎপিতা উরওয়া আয়িশা (রাঃ) সূত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ এক রেওয়ায়াত বর্ণনা করেছেন। এই রেওয়ায়াতটিও যঈফ। আবৃ বকরের হাদীসটি বিশেষজ্ঞদের কাছে দুর্বল। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে আবৃ বকর আল–মাদানী উপনামের যে রাবী হাদীস রিওয়ায়াত করেছেন তাঁর নাম হল আল–ফাযল ইবনু মুবাশশির। তিনি এই আবৃ বকর আল–মাদানী থেকে অধিক নির্ভরযোগ্য ও অগ্রগণ্য।



English

Aishah narrated that:

The Messenger of Allah said: "Whoever stays with a people, then he is not to fast without their permission."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

